

স্মারকনং-ইউআরসি/কালি/সাত-৭৫/ইংরেজি প্রশি./২০২৩/০৫

তারিখ: ৩০.০১.২০২৩খ্রি।

বিষয়: ০৬(ছয়) দিনব্যাপী বিষয়ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণের জন্য শিক্ষক ও প্রশিক্ষক ডেপুটেশন প্রদান সংক্রান্ত।

সূত্র : পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়ের স্মারক নং-৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৩.২২.৯ তারিখ: ২৯ জানুয়ারি, ২০২৩খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিইডিপি-৪ এর আওতায় নিম্নোক্ত সময়সূচি ও প্রাপ্ত নীতিমালা অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ০৬ দিনব্যাপী বিষয়ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণ উপজেলা রিসোর্স সেন্টার, কালিগঞ্জ, সাতক্ষীরাতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী ও ০২জন শিক্ষককে (TMTE প্রশিক্ষণপ্রাপ্ত) প্রশিক্ষক হিসেবে ডেপুটেশন প্রদান করা সহ প্রশিক্ষণে তাঁদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	ব্যাচ নং	প্রশিক্ষণের তারিখ	মন্তব্য
০১	১ম	০৬.০২.২০২৩ হতে ১১.০২.২০২৩খ্রি. পর্যন্ত	
০২	২য়	১৪.০২.২০২৩ হতে ১৯.০২.২০২৩খ্রি. পর্যন্ত	
০৩	৩য়	২২.০২.২০২৩ হতে ২৭.০২.২০২৩খ্রি. পর্যন্ত	
০৪	৪র্থ	০১.০৩.২০২৩ হতে ০৬.০৩.২০২৩খ্রি. পর্যন্ত	

প্রশিক্ষণ সংশ্লিষ্ট নীতিমালার উল্লেখযোগ্য বিবেচ্য বিষয়সমূহ :

- শিক্ষক ও প্রশিক্ষকবৃন্দকে প্রতিদিন সকাল ০৮:৩০ টার মধ্যে স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রত্যহ সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। প্রতি বিদ্যালয় হতে প্রতি ব্যাচে ০১ জন করে শিক্ষক ডেপুটেশন প্রদান করা। একই বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন না দেয়া। যারা ইতোপূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন ও যাদের বয়স ৫৫+, তাদেরকে মনোনয়ন দেয়া যাবে না।
- কোভিড-১৯ টীকা গ্রহণকারী, অপেক্ষাকৃত নবীন ও যারা ইতোপূর্বে কোনো প্রশিক্ষণ পাননি এমন শিক্ষকদের অগ্রাধিকারভিত্তিক মনোনয়ন দেয়া।
- শিক্ষকদের নাম, পদবি, কর্মস্থল ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক মনোনয়নসহ ব্যাচওয়ারী ডেপুটেশন প্রদান করা। প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বেই শিক্ষকদের তথ্য Training Tracking Software এ এন্ট্রি নিশ্চিত করে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: প্রশিক্ষণ নীতিমালা- ০১ ফর্দ।

উপজেলা শিক্ষা অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা


তারিখ: ৩০.০১.২০২৩
মোঃ আনোয়ার কবীর

ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারকনং-ইউআরসি/কালি/সাত-৭৫/ইংরেজি প্রশি./২০২৩/০৫(১২)

তারিখ: ৩০.০১.২০২৩খ্রি।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- পরিচালক, প্রশিক্ষণ/অর্থ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২ মিরপুর, ঢাকা-১২১৬।
- বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- সুপারিনটেনডেন্ট, পিটিআই, সাতক্ষীরা।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল ক্লাস্টার), কালিগঞ্জ, সাতক্ষীরা।
- অফিস কপি।


তারিখ: ৩০.০১.২০২৩
মোঃ আনোয়ার কবীর

ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কালিগঞ্জ, সাতক্ষীরা।